

ফু,

মদের প্রভাব

অথবা

ম্যানিনিজাইটিস?

আপনার বন্ধুর প্রতি লক্ষ্য রাখুন

আপনার হয়তোবা মেন সি (MenC) টিকা নেয়া আছে যা ম্যানিনজাইটিস সি থেকে রক্ষা করে, তবে আরও অনেক ব্যাকটেরিয়া রয়েছে যার কারণে ম্যানিনজাইটিস এবং সেপটিকেমিয়া হতে পারে। এগুলো ছড়ায় হাঁচি, কাশি বা সরাসরি শারীরিক সংস্পর্শের মাধ্যমে যেমন চুম্বন। যেখানে অনেক লোক দলবদ্ধ হয়ে একসাথে ঘনিষ্ঠভাবে বাস করে বা কাজ করে সেখানে এ রোগ ছড়ানোর সম্ভাবনা বেশি।

গুরুত্বপূর্ণ যে বিষয়টি জানা দরকার তা হল ম্যানিনজাইটিস এবং সেপটিকেমিয়া খুব দ্রুত হতে পারে, কখনো কখনো মাত্র কয়েক ঘন্টার মধ্যে।

তবে সবচেয়ে বড় সমস্যা হল যে, বেশিরভাগ প্রাথমিক লক্ষণগুলো খুব সামান্য এবং ফ্লু বা মদের প্রভাবের সাথে মিল রয়েছে যেমন:

- বমি,
- জ্বর জ্বর ভাব,
- পিঠে বা গিটে ব্যথা,
- মাথাব্যথা,
- ঘাড় শক্ত হওয়া।

কিন্তু যদি নিচের লক্ষণগুলো দেখা যায় তবে:

- আলোর প্রতি ভীষণ অনীহা,
- ভ্রম হওয়া,
- ছোট ছোট ফোঁটার মত বা ছড়ানো দাগযুক্ত র্যাশ হওয়া যা চাপ দিলে বিবর্ণ হয় না, অথবা
- কোমা।

জরুরীভাবে ডাক্তারী সাহায্য নিন - দ্রুত চিকিৎসা জীবন বাঁচায়

আপনি যদি আপনার বন্ধুদের প্রতি নজর রাখেন এবং তারা কেমন অনুভব করছে তা জিজ্ঞেস করতে দ্বিধা না করেন, তবে আপনি তাদের জীবন রক্ষা করতে পারেন।

এই লিফলেটটি নিচের ভাষাসমূহে www.wales.gov.uk/immunisation বা www.cymru.gov.uk/imiwneiddio ওয়েবসাইটেও পাওয়া যাবে:

ইংরেজি, আরবী, বুলগেরিয়ান, চাইনিজ, চেক, ফারসি, ফ্রেঞ্চ, গুজরাতি, হিন্দি, কুরদিশ (সোরানি), লিংগালা, পোলিশ, পর্তুগিজ,

পাঞ্জাবী, রাশিয়ান, সোমালি, স্পেনিয়, সোয়াহিলি, তাগালগ, উর্দু,
ভিয়েতনামিজ ।

© ডেউন কপিরাইট
জুলাই ২০০৮
CMK-22-02-233 D2160809